কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ অ্যালাম্নাই অ্যাসোসিয়েশন

ত্রয়োদশতম সম্মেলন

স্মরণিকা • ২০২২



SUVENDU MEMORIAL SEVA PRATISTHAN
ESTD. 1998

শুভেন্দু মেমোরিয়াল সেবা প্রতিষ্ঠান

AN ISO 9001:2015 Certified Hospital

গ্রাম ও পো: গোবরাপোতা, কৃষ্ণনগর, নদীয়া, পিন- ৭৪১১০৩

মানুষের সেবায়
মানুষের পাশে।

চক্ষু হাসপাতালের এবার পঁচিশ বৎসর পূর্ণ হলো।

- চোখের সমস্যার উন্নতমানের পরিষেবা এখন **শুভেন্দু মেমোরিয়াল সেবা প্রতিষ্ঠানে** সম্পূর্ণ সম্ভব। কোন প্রকার ব্যথা ও যন্ত্রণা ব্যতিরেকে বিনা ইনজেকশনে ফেকো সার্জারী।
- আমাদের অত্যাধুনিক প্রযুক্তিগত সরঞ্জাম, অভিজ্ঞ ডাক্তার এবং চক্ষু পরিচর্যার মাধ্যমে আমরা প্রতিটি ব্যক্তিকে সকলপ্রকার চোখের চিকিৎসা দিতে বদ্ধপরিকর।
- কোভিডে বন্ধ হয়ে যাওয়া জেনারেল বিভাগ পুনরায় শুরু হতে চলেছে।
- গ্রামের এই হাসপাতালে খোলা হবে ফার্মাসী। ভাবা হচ্ছে কার্ডিওলজি বিভাগ ও ক্যান্সার বিভাগের প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা।
- অর্থনৈতিক কারণে পিছিয়ে থাকা গ্রামের মেয়েরা শহরে এসে শুভেন্দু মেমোরিয়াল ট্রাস্টের তৈরী লেডিস হোস্টেলে (কৃষ্ণনগরে) থাকবে ও পড়াশুনা করবে, এছাড়া শহরে এসে চাকুরীরতা মহিলাদের থাকার ব্যবস্থাও থাকছে — এই ব্যবস্থা কৃষ্ণনগরের নগেন্দ্রনগরে হচ্ছে।

শতকরা ৬৩ জন রোগী বিনা খরচে চক্ষু অপারেশনের চিকিৎসা পাচ্ছে।

বিঃ দ্রঃ- জেনারেল ফিজিসিয়ান, জেনারেল সার্জেন, গাইনো ডাক্তার প্রয়োজন, আগ্রহীরা যোগাযোগ করুন।

Call: 9733813344, 9830989705, 9836923000, 9339757442

Website : www.smspnadia.in, **E-mail :** suvendumemorialtrust@yahoo.com

সভাপতির কলম

কৃষ্ণনগর গভঃ কলেজের প্রাক্তনীদের সম্মেলন হতে চলেছে ১৩ই নভেম্বর ২০২২ এ । গত ২ বছর করোনার প্রকোপে এ্যাসোসিয়েশনের কাজকর্ম স্তিমিত হয়ে গিয়েছিল । এই কলেজ শতাব্দি প্রাচীন হলেও এর প্রাক্তনীরা একটা জায়গায় জোটবদ্ধ হতে পেরেছিলেন মাত্র বছর ১৫ আগে । এই মিলনমেলা হচ্ছে ১৩ তম ।

প্রাক্তনীদের সম্মেলন জমজমাট হবে এই আশা করা অন্যায় নয় । হাজার হাজার ছাত্র এই কলেজ থেকে পাশ করে নিজ নিজ জীবনে প্রতিষ্ঠা পেয়েছেন । তাদের ১ শতাংশ প্রাক্তন ছাত্র ছাত্রীরা প্রাক্তনী সম্মেলনে যুক্ত হন নি এটা একটা নেতিবাচক মনোভাবের পরিচায়ক এবং দুর্ভাগ্যজনক ।

খুব কম প্রাক্তনী আছেন যারা এ্যালামনি এ্যাসোসিয়েশনের উন্নয়নে সহযোগিতা করেন । অথচ এ্যালামনি এ্যাসোসিয়েশনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য্য । সাম্প্রতিক কালে একটি ঘটনা বিশ্লেষণ করলেই বোঝা যায় যে আমরা এই মহাবিদ্যালয়ের উন্নয়নে ততটা যত্নশীল নই । প্রাক্তনীরা আশা করেছিলেন কলেজটি বিশ্ববিদ্যালয়ের রূপ পরিগ্রহ করবে । তা বাস্তবায়িত হয় নি । উপরন্তু কলেজের জমিতে দুদুটি বিশ্যবিদ্যালয়ের পরিকাঠামো তৈরী হচ্ছে। সরকারের এই দৃষ্টিভঙ্গী নেতিবাচক এবং যথাযথ নয়।

আমাদের শতাব্দি প্রাচীন মহাবিদ্যালয় এখন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের অধিন যা অকল্পনীয় । এই মহাবিদ্যালয়কে বিশ্ববিদ্যালয়ে উন্নত করলে পড়াশুনার পরিকাঠামো অনেক বিস্তৃতি লাভ করত এবং বহু ছাত্র / ছাত্রী উচ্চতর পড়াশুনার সুযোগ পেত । গবেষণার সুযোগ মিলত ।

ছাত্র জীবনের গন্ডী পার হয়ে চাকুরী জীবনে যোগদানে তারা পূর্ব্ব জীবন সম্পর্কে বিস্মৃত হয়ে যায় অথচ সামান্য কিছু সময় এই মহাবিদ্যালয়ের উন্নয়নে কাজ করলে তা আগামী প্রজন্মের জন্য সুখময় হ'ত ।

কলেজটিকে হেরিটেজ বিল্ডিং আখ্যা দেওয়ার ক্ষেত্রে আমাদের প্রক্তনী সম্মেলনে বড় ভূমিকা নিয়েছে । এই হেরিটেজ ভবনে অন্য বিশ্ববিদ্যালয় গড়ার চেয়ে কৃষ্ণনগর কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার জন্য কোলকাতা হাইকোর্টে মামলা পর্য্যন্ত দায়ের করা হয়েছে এ্যালামনি এ্যাসোসিয়েশনের সিদ্ধান্ত অনুযায়ী । সরকারী ক্ষেত্রে এই কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার জন্য সস্নেহে দৃষ্টিভঙ্গী দরকার যা আমরা আশা করেছিলাম । রাজনৈতিক কারণে তা কেন সম্ভব হ'লনা তা জানিনা । এই নিয়ে নদীয়া জেলার সব রাজনৈতিক দলগুলি মুখে কুলুপ এটে আছেন যা দুর্ভাগ্যজনক ।

কৃষ্ণনগর শহরের প্রচীন মানুষরাও এব্যাপারে কোন সজাগ দৃষ্টিভঙ্গী দেখাতে পারেননি যা খুবই প্রয়োজন ছিল । নদীয়া জেলার শিক্ষা প্রসারে কৃষ্ণনগর কলেজের ভূমিকা অনস্বীকার্য্য । প্রাক্তনীরা মাথা ঘামালেও সরকার উদাসিন থাকবে তাহলে এই কলেজের ভবিষ্যৎ কি ?

এই সব নিয়ে পর্যালোচনা প্রয়োজন । প্রয়োজন নৈতিকভাবে এগিয়ে এসে কলেজের ভবিষ্যৎ উজ্জ্বল করার ভাবনা প্রসারিত করা তানাহলে এর লব্ধ মর্য্যদা ক্রমশ বিলীন হয়ে যাবে ।

শংকরেশ্বর দত্ত
একজন প্রাক্তনী

Governing Body of KGC Alumni Association (2019-20)

1.Patron donor :
I) The Nadiaraj Shri Sauresh Chandra Roy,
ii) Maharani of Kossimbazar

2. Patron-in-chief :
Prof. Shovan Neogy , Teacher-in-Charge, Krishnagar Govt. College. (9083290019)

3. President :
Sankareswar Datta (9339757442)

4. Vice President :
i) Nirmal Sanyal (9732735470), ii) Kanailal Biswas (9434451802), iii) Bharati Das Bagchi (9475032636) ,

5. Secretary :
Khagendra Kumar Datta (9434451786/9563777999)

6. Asst. Secretaries:
Partha Mukherjee (9434552555)
Mita De (9434451715)

7. Treasurer :
Dipankar Das (9434552005)

8. Assistant Treasurer :
Asimananda Majumder (7908284949/ 9434742091).

9. Members:
i) Dr. Pijush Kumar Tarafder, M.Sc., Ph (9874476671/ 9474479472)
ii) Apurba Kumar Chatterjee (9051641511/ 9474677145),
iii) Pranab Kunar Kar (9434709556)
iv) Prasanta Mallick (9851043107)
v) Ujjwal Modak (9434056783)
vi) Sukumar Mukherjee (9666783064/ 03472256200)
vii) Santi Ram Sarkar (9733875644)
viii) Dipak Sanyal (8918352746/ 7407076667)
ix) Chandgopal Mondal (9733609846)
x) Swapan Kumar Bagchi (7908727303/ 9434450489)

Sub-Committees (2019-20)

Publicity and Communication Sub-Committee
Sampad Narayan Dhar (Convener) (7872306084), Kanailal Biswas (9434451802), Sibanath Chowdhury (6296902636/ 9434191207), Ananta Bandyopadhyay (9434322823), Prosanta Kr. Mukhopadhyay (9434553274), Partha Mukherjee (9434552555), Asimananada Majumder (9434742091).

Reception Sub-Committee
Dilip Kumar Guha (Convener) (9932742957), Sankareswar Datta (9339757442), Asoke Kumar Bhaduri (9475204060), Archana Ghosh Sarkar(9800251314), Chinmoy Bhattacharya (9474482559, Sirajul Islam (9474788478), Dr. Basudev Saha (9832276558), Nirmal Sanyal (9732735470), Dr. Pijush Kumar Tarafder (9474479472), Sudhakar Biswas (9830852325), Devashis Mondal (8900185968)

Finance and Registration Sub-Committee
Khagendra Kumar Datta (Convener) (9434451786), Dipankar Das (9434552005) , Kanailal Biswas (9434451802), Sudhakar Biswas (9830852325), Asesh Kumar Das (9831251120), Dipak Kumar Biswas (9564040961), Bidyut Bhusan Sengupta (9434826097). Swapan Kumar Datta (9732517681)

Cultural and Decoration Sub-Committee
Dipankar Das (convener) (9434552005), Nirmal Sanyal (9732735470 , Ananta Bandyopadhyaya (9434322823), Archana Ghosh Sarkar (03472-252474), Dilip Kumar Guha (03472-254055), Mita De (9434451715), Manasi De, Marjana Ghosh Guha (9434551980), Ambuj Maulik (9153351499), Alpana Basu (9333171996).

Souvenir Sub-Committee
Dr. Basudev Saha (Convener) (9832276558), Dipankar Das (94344552005) , Apurba Kumar Chatterjee (9474677145), Sibnath Chowdhury (9434191207), Shyamaprasad Biswas (9474336571), Ananta Bandyopadhyaya (9434322823), Dipak Kumar Biswas (9564040961), Marjana Ghosh Guha (9434551980)

Refreshment Sub-Committee
Pranab Kumar Kar (9434709556), Shyamal Datta (7501121541), Mita De (9434451715), Dr. Pijush Kumar Tarafder (9474479472), Bharati Das Bagchi (03472-253160/ 9475032636), Sanak Ghosh (8536869240), Asimananda Majumder (9434742091), Swapan Kumar Datta (9732517681)

সম্পাদকের প্রতিবেদন

কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ প্রাক্তনী সংসদের ১৩তম পুনর্মিলন উৎসব তথা সাধারণ সভায় উপস্থিত শ্রদ্ধেয় প্রাক্তনীগণ, আমন্ত্রিত অভ্যাগত এবং অতিথিবৃন্দ, এই কলেজের বর্তমান ছাত্র-ছাত্রী এবং অধ্যাপক-অধ্যাপিকা - সহ অশিক্ষক কর্মচারী বৃন্দকে জানাই সুস্বাগতম এবং আন্তরিক প্রীতি, শুভেচ্ছা এবং যথোপযুক্ত সম্মান।

২০২০ সালের পুনর্মিলনের অব্যবহিত পরেই কোভিড-১৯ এর আক্রমণে বিপর্যস্ত সারা পৃথিবীর মতোই আমাদের স্বাভাবিক কার্যকলাপে ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়ায় । এর ফলে ২০২১ এবং ২০২২ সালের ফেব্রুয়ারি মাসে আমরা পুনর্মিলন উৎসবের আয়োজন করে উঠতে পারিনি । বর্তমান কার্যকরী সমিতি থেকে এই পুনর্মিলন এবং বার্ষিক সাধারণ সভা আয়োজন করার চেষ্টা করা হয়েছিল ২০২২ সালের ১৯ থেকে ২১ জুলাই ২০২২ তারিখে । কিন্তু বর্ষা কালে সম্মেলন স্থলে আসতে প্রত্যেকের অসুবিধার কথা বিবেচনা করে সেই প্রস্তাব বাতিল করতে হয় । নভেম্বর মাসের ১৩ তারিখে আবহাওয়া অনেকটা মনোরম । সেই আবহে আমরা সকলে মিলিত হয়ে নিজেদের মধ্যে ভাব বিনিময় করতে পারি এই বিশ্বাসে এই দিনটি ধার্য করা হয়েছে । সকলের কাছে সবিনয় আবেদন - এই সম্মেলন সফল করার জন্য প্রয়োজনীয় সহযোগিতার হাত বাড়িয়ে দিন ।

আজকের এই মিলন মেলায় প্রথমেই ২০২২ সালের পুনর্মিলন পরবর্তী সময়ে বিভিন্ন কারণে প্রয়াত প্রাক্তনী সংসদের সদস্যদের বিদেহী অমর আত্মার প্রতি জানাই আমাদের বিনম্র শ্রদ্ধা । এছাড়া, আলোচ্য সময়ের ভিতরে জীবনের বিভিন্ন ক্ষেত্রে উজ্জ্বল আলোক বর্তিকা জ্বেলে যাওয়া প্রয়াত মানুষ এবং আমাদের মাতৃভূমির সুরক্ষার জন্য যারা শহীদ হয়েছেন তাঁদের প্রতি আমাদের গভীর শ্রদ্ধা জানাই । আসুন, সভাপতির নির্দেশ ক্রমে আমরা সকলে এঁদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের জন্য এক মিনিট নীরবতা পালন করি ।

১৭৫ বছরের ঐতিহ্যসম্পন্ন এই কলেজের পঠন-পাঠনের মান উন্নয়ন এবং কলেজের সম্পদ সমূহের সুবৃদ্ধি, সুরক্ষা এবং সংরক্ষণ সুনিশ্চিত করতে এবং কলেজের গৌরব বৃদ্ধিতে সাহায্য করার লক্ষ্যে নিঃস্বার্থভাবে ছাত্রদের সাংস্কৃতিক, খেলাধূলা এবং জীবন-জীবিকা বিষয়ে উৎকর্ষ সাধনে পরামর্শ দান ও সহযোগিতার হাত বাড়িয়ে দেওয়ার জন্যই এই সংসদ গঠিত হয়েছিল অধ্যাপক ধীরেন্দ্র নাথ বিশ্বাস এবং অধ্যাপক পীযুষ কুমার তরফদারের অক্লান্ত প্রচেষ্টায় এবং বেশ কিছু প্রাক্তনীর সহযোগিতায় ।

আলোচ্য সময়ে কোভিড মহামারির কারণে প্রাক্তনী সংসদের সব রকম কাজকর্মই বোধন ছিল। তবে, অনলাইনে কলেজের ১৭৫ বর্ষ পূর্তি অনুষ্ঠানে আমরা যোগদান করেছিলাম কলেজ কর্তৃপক্ষ আয়োজিত অনুষ্ঠানে । ধন্যবাদ জানাই কলেজ কর্তৃপক্ষকে আমাদের বক্তব্য রাখার সুযোগ করে দেবার জন্য । বরাবরের জন্য (দুটি ব্যতিক্রমী ক্ষেত্র ছাড়া) আমরা কলেজের ঘর প্রাক্তনীদের সভা করার জন্য পেয়েছি । এছাড়া, প্রাক্তনী সংসদের কাগজপত্র ও প্রয়োজনীয় জিনিসপত্র রাখার আলমারি কলেজের স্টাফ রুমে নিরাপদে রাখতে দেবার অনুমতি দেবার জন্য আমরা কৃতজ্ঞতা জানাই । কোভিড বিধি শিথিল হবার পর, আমরা ২১ জুলাই ২০২২ তারিখে দ্বিজেন্দ্র জন্ম জয়ন্তী পালন করেছি কলেজ হলে । বর্ষার প্রবল প্রকোপ এবং রাজনৈতিক প্রভাবের কারণে সেদিনের অনুষ্ঠান পরিপূর্ণতা লাভ করতে পারেনি । আশা করা যায় এই ধরনের অসুবিধা আগামীতে আর থাকবে না। আমরা চাইব সাংস্কৃতিক পরিমণ্ডলে প্রাকনীদের সাথে বর্তমান ছাত্রছাত্রীদের মেলবন্ধন গড়ে উঠবে । কয়েকজন ছাত্রী এবং লাইব্রেরিয়ান সহ বেশ কয়েকজন অধ্যাপক আমাদের প্রয়াসকে উৎসাহিত করেছেন । তাদের জানাই ধন্যবাদ ।

দুঃখের বিষয় - বিগত বেশ কছু বছর ধরে কলেজের খেলার মাঠ, জিম্নাসিয়াম, ভলিবল কোর্ট, বাস্কেট বল কোর্ট, ফুলের বাগান, মুক্ত মঞ্চ, বা পড়াশুনার পরিবেশ রক্ষা করার জন্য কলেজের বর্তমান ছাত্রদের মধ্যে কোনো ব্যাকুলতা এবং আবেগ আমরা দেখতে পাইনি । অথচ, খেলাধুলা এবং সাংস্কৃতিক ক্ষেত্রে প্রতিভার স্বাক্ষর রাখার যোগ্যতা সম্পন্ন অনেকেই এই কলেজের বর্তমান ছাত্রছাত্রী তালিকার অন্তর্ভুক্ত । কলেজ মাঠের মধ্যে হেলিপ্যাড নির্মাণ, কলেজের মধ্যে সৌন্দর্য বৃদ্ধির নামে গাছ চুরি যাওয়া, কলেজ এলাকায় প্রমোদ উদ্যান রচনা বা কলেজের ভিতরের পুকুর বেআইনি ভাবে ভরাট করা, কলেজের মাঠ ধ্বংস করে সেখানে অপ্রয়োজনীয় নির্মাণ বিষয়ে ছাত্রদের মধ্যে কোনো প্রতিক্রিয়া দেখা যায় না । কলেজে দীর্ঘদিন ধরে স্থায়ী প্রিন্সিপ্যাল নেই । কলেজের প্রিন্সিপালের জন্য নির্ধারিত আবাসন বেদখল ।

আমরা বিশ্বাস করতে না চাইলেও, অনেকের কাছ থেকে এমনই অভিযোগ পাওয়া যায় যে, আমাদের কলেজে নাকি ২/৩ ঘণ্টার বেশী ক্লাস হয়না, প্রিন্সিপাল-ইন-চার্জ সপ্তাহের তিন চার কোলকাতার কাজ নিয়ে ব্যস্ত থাকেন । যদিও, ছাত্রদের পক্ষ থেকে এই সব বিষয়ে কখনও সরব হতে দেখা যায়নি । কলেজ কর্তৃপক্ষের সাথে আমাদের ভাবের সঠিক বিনিময় করার যোগসূত্র আর নেই । ফলে, বর্তমান ছাত্র-ছাত্রীদের সমস্যা নিয়ে বা আমাদের ভাবনা নিয়ে কথা বলার সুযোগ আমরা বিগত দিনগুলিতে পাইনি । এটা শুধু আমাদের ব্যর্থতা না বলে বলা ভালো - এতে কলেজেরও ক্ষতি ।

কলেজের উপর ধারাবাহিক আঘাত উদ্বিগ্ন, জর্জরিত এবং হতাশাগ্রস্ত করেছে প্রাক্তনী সংসদের সদস্যদের । আমরা সদস্য সংখ্যা প্রত্যাশা অনুসারে বৃদ্ধি করতে পারছি না । কিন্তু কেন? এই রোগটা না ধরতে পারলে, প্রাক্তনী সংগঠনের স্বাস্থ্য ভাল থাকবে না । আর, কার্যকারিতাহীন এই সংগঠনের অস্তিত্ব বিপন্ন হয়ে উঠবার আশঙ্কা বিদ্যমান । আজকের সভায় এ নিয়ে মতামত বিনিময় করতে পারলে সুনিশ্চিত পথনির্দেশ মিলবে এবং নতুন পথ ধরে নতুন উদ্দীপনায় এই সংগঠন সক্রিয় ভূমিকা পালন করবে এবং তারই মধ্য দিয়ে সামগ্রিক স্বার্থ রক্ষা পাবে আমাদের দৃঢ় বিশ্বাস ।

হয়তো সকলেরই মনে আছে, ২০০৮-০৯ সাল থেকেই সর্ব স্তরে দাবি উঠেছিল এই কলেজকে বিশ্ববিদ্যালয় স্তরে উন্নীত করার। আজও সে বিষয়ে কোনো আলোর রেখা চোখে পড়ে না। জ্যোতির্ময়ী শিকদারের সাংসদ তহবিলের টাকায় কলেজ মাঠের উন্নয়ন ক্ষেত্রে এক অবিশ্বাসের জন্ম হয় এবং তদানীন্তন রাজ্য সরকারের বিরুদ্ধে প্রাক্তনীরা মামলা করেন সে কথা সকলেই অবহিত । আশঙ্কা করা "বিজনেস কমপ্লেক্স" প্রকল্প না এগুলেও, স্পষ্টতঃই পরবর্তীকালে মাঠের উন্নয়ন হয়নি এবং কলেজের ছাত্রছাত্রীদের জন্য খেলাধুলার ব্যবস্থাও সংকটের মুখে। কারণ, দীর্ঘদিন ধরে এই কলেজে তৃতীয় বা চতুর্থ শ্রেণীর কর্মচারী সহ বিভিন্ন বিভাগের শিক্ষকের অপ্রতুলতার সাথে সাথে শারীর-শিক্ষণ শিক্ষকের পদটি দৃষ্টিকটু ভাবে গত ১০ বছর ধরে শূন্যই পড়ে আছে। কলেজের দু'টি মাঠে

বহিরাগতরা খেলাধূলা ও শরীরচর্চা করেন, কেউকেউ বেড়ান বা গাড়ি চালানো শেখেন – তাতে কলেজের কোনো নিয়ন্ত্রণ নেই । এই কলেজের বিকাশ বা বিশ্ববিদ্যালয় স্তরে উন্নীত করার কথা " কথার কথায়" থেকে যাওয়াতেই শেষ হলে কথা ছিল না, এই কলেজের অস্তিত্ব আজ গভীর সঙ্কটে । সব শেষ আক্রমণ হল - কলেজের জমিতে অপ্রয়োজনীয় দুটি নতুন বিশ্ববিদ্যালয় স্থাপন করার নামে কলেজটিকে চূড়ান্ত ভাবে সারা পৃথিবীর চোখে খাটো করে দেওয়ার মধ্য দিয়ে । তার বিরুদ্ধে আমাদের (প্রাক্তনী এবং বর্তমান ছাত্র ছাত্রীদের) দাঁড়ানো আবশ্যিক কর্তব্য বলে মনে হয় ।

ভাবতে অবাক লাগে - এই কলেজেরই একজন ইংরেজ প্রিন্সিপাল, মিঃ ইগারটন স্মিথ (১৯২১ - ২৩; ১৯২৬-২৭) কলেজের মাঠ ঘোড়ার খুরের আঘাতে ক্ষতিগ্রস্ত হচ্ছে দেখে, তদানীন্তন ব্রিটিশ জেলা শাসককে মাঠে ঘোড়দৌড় অভ্যাস করা থেকে নিবৃত্ত করেন এবং কলেজ ক্যাম্পাসে আশ্রয় নেওয়া স্বাধীনতা সংগ্রামীদের পুলিশের দ্বারা ধরপাকড়ের হাত থেকে রক্ষা করেন । সেই কলেজ, তার খেলাধুলা, তার প্রাকৃতিক পরিবেশ, তার গৌরবময় ইতিহাস ধ্বংস করার যে চক্রান্ত চলছে তার বিরুদ্ধে এইক্যবদ্ধ ভাবে দাঁড়াতে হবে প্রাক্তনীদের সাথে বর্তমানদের ।

কলেজ কর্তৃপক্ষের কাছে প্রাক্তনীদের দীর্ঘ দিনের দাবি ছিল তাদের সদস্যদের দৈনন্দিন কাজ চালানোর জন্য শৌচালয়ের সুবিধা যুক্ত একটি ঠাই । কিন্তু সে ব্যাপারে এখনও পর্যন্ত কোনো আশ্বাস মেলেনি; অথচ, লক্ষ্য করা যায় যে, 'হনুমান মন্দির' স্থায়ী ভাবে স্থাপনার জন্য কলেজের চৌহদ্দির মধ্যেই সরকারি জমি বরাদ্দ করা হয়েছে । প্রাক্তনীদের অন্যান্য দাবির মধ্যে প্রাথমিক দাবি হওয়া উচিত - "প্রাক্তনীদের জন্য একটি স্বতন্ত্র অফিস ঘর" । এ বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হ'লে, আমরা কলেজ কর্তৃপক্ষ তথা শিক্ষা দপ্তরের কাছে এই প্রস্তাব রাখতে পারি যে, কলেজের সৌন্দর্য নষ্ট না করে, প্রাক্তনীদের দান করা অর্থে ছোট্ট একটি অফিস ঘর নির্মাণের অনুমতি চাই।

মহারাজা - মহারাণীদের দানে ১৮৪৬ সালে যে মহাবিদ্যালয়টি শুরু হয়েছিল - সেখানে স্কুল আর কলেজের ছাত্রের মোট সংখ্যা ছিল মাত্র ২৫৮ (১৮৪৭ সালে) – যার মধ্যে দু'জন মুসলিম এবং দু'জন খ্রীস্টান ছাত্র ছিলেন। অথচ, ভবিষ্যতের কথা মাথায় রেখেই কলেজের জন্য ৩৬ একর জমির সংস্থান রাখা হয়েছিল। পুরনো নথি অনুসারে দেখা যায় বাংলা ১ আশ্বিন, ১২৬৫ (ইংরাজি ১৯.০৯.১৮৫৮) সম্পাদিত একটি চুক্তির ভিত্তিতে, ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরে সে সময়ে লিপিবদ্ধ করা হয় - "যতদিন কলেজ থাকিবে ততদিন শিক্ষা বিস্তারে এই জমি নিষ্কর দখল থাকিবে। কলেজ উঠিয়া গেলে মালিক খাজনা পাইবেন" । তখন ব্রিটিশ শাসন ব্যবস্থা কায়েম ছিল। দাতাদের উদ্দেশ্য ছিল স্পষ্ট । দাতাদের স্বপ্নের সেই কলেজ এবং তার পেছনে মূল আদর্শ বারে বারে ধ্বংস করার গভীর চক্রান্ত চলছে।

বলা বাহুল্য, এই কলেজ প্রাক্তনীদের প্রচেষ্টাতেই "হেরিটেজ" হিসাবে স্বীকৃতি লাভ করেছে এবং প্রাক্তনীরা এই কলেজকে চূড়ান্ত অপমান এবং ক্ষয় থেকে বাঁচানোর জন্য এবং ছাত্রছাত্রীদের উন্নয়নের গতি অব্যাহত রাখার চিন্তা মাথায় রেখে ২০২০ সালে একটি জনস্বার্থ মামলা রুজু করেছে কোলকাতা হাইকোর্টে **(No. WP 9433 of 2020)** । মামলা চলছে এবং আমরা বিশ্বাস করি - আমরা সত্যের পথে আছি; তাই জয় আমাদের সুনিশ্চিত । এই মামলা প্রচুর ব্যয় সাপেক্ষ । কিন্তু আমাদের সৎ উদ্দেশ্যর প্রতি সহমর্মিতা দেখিয়ে প্রখ্যাত আইনজীবী, কোলকাতার প্রাক্তন মেয়র, শ্রী বিকাশ রঞ্জন ভট্টাচার্য মহাশয় পেশাগত পারিশ্রমিক ছাড়াই আমাদের ন্যায় সঙ্গত দাবিটি আদালতের সামনে উপস্থাপিত করতে রাজি হয়েছেন । তথাপি, অত্যাবশ্যকীয় খরচ মেটানোর জন্য বহু সদস্য এই আইনি লড়াইয়ের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন । প্রত্যেককে জানাই অকুণ্ঠ ধন্যবাদ । ইতিহাস সাক্ষী থাকবে কৃষ্ণনগর কলেজ আর সকল শিক্ষাপ্রেমী মানুষের স্বার্থরক্ষার ক্ষেত্রে প্রাক্তনীদের এই স্বার্থশূন্য সংগ্রামের কথা । অনেক বাধা বিপত্তি আর শাসকের রোষকে উপেক্ষা করে আমাদের এই সংগ্রামে জয়লাভের জন্য সর্বশক্তি দিয়ে যে লড়াই করতে হবে । সেখানে দল-মত আর রাজনৈতিক বাধ্যবাধকতাকে দূরে সরিয়ে রেখে, এই ১৭৫ বছরের কলেজ যাতে চিরজীবী হয়ে শিক্ষার কল্যাণে, জাতির উন্নয়নে বিশ্বজনীন হয়ে উঠতে পারে সে জন্য ধারাবাহিক ভাবে প্রত্যেকের সমর্থন চায় - আমাদের এই প্রাক্তনী সংসদ।

নতুন প্রজন্মের প্রাক্তনী আর পাঠরত ছাত্র-ছাত্রী ও শিক্ষক-শিক্ষিকাগণের প্রতি আজকের সম্মেলনে এই আহ্বান - আমরা আমাদের জাগ্রত চেতনা দিয়ে উপলব্ধি করতে পারি আমাদের সামনের বিপদকে এবং একসাথে তার মোকাবিলা করি । তা' নইলে, ভবিষ্যৎ প্রজন্ম আমাদের ক্ষমা করবে না আমাদের নিশ্চুপ থাকার অপরাধ ।

প্রাক্তনী সংগঠনের দ্বিবার্ষিক নির্বাচনে অংশগ্রহণের মাধ্যমে আজ এক নতুন শক্তিশালী আত্মবিশ্বাসী প্রাক্তনী সংসদের অভ্যুদয় হোক এই কামনা করি।

পরিশেষে, উপস্থিত সকলকে আমার ব্যক্তিগত তরফে এবং সংগঠনের পক্ষ থেকে জানাই আন্তরিক শ্রদ্ধা, প্রীতি ও শুভেচ্ছা।

বিনয়াবনত –

খগেন্দ্র কুমার দত্ত

১৩ নভেম্বর, ২০২২

সম্পাদক, কৃষ্ণনগর অ্যালাম্নাই এ্যাসোসিয়েশন

হেরিটেজ কলেজ প্রাঙ্গণে প্রাচীর তুলে বিভক্ত করা হচ্ছে

অ্যালাম্নাই এর পক্ষ থেকে দ্বিজেন্দ্রলাল রায় এর জন্মদিন পালন

মিতা দে

প্রাক্তনীরা

ছায়াময় মায়াময় আর পাখ-পাখালি আর অসংখ্য গাছ-গাছালির মধ্যে নিরন্তর অব্যাহত গতিতে এগিয়ে চলা কৃষ্ণনগর সরকারী মহাবিদ্যালয়ের ১৭৫ বৎসরের মাইলফলক অতিক্রম করে চলা একটি বহতা স্বচ্ছতোয়া নদীর কলধ্বনির মত। রচিত হয়েছে কত কত মহানায়কের গীতগাথা, দেশে-বিদেশে জড়িয়ে আছে অনেক প্রাক্তনীদের অপরিসীম স্মৃতি মেদুরতা। আকুলিত প্রাণ বার বার ফিরে আসতে চায় এই মাতৃহৃদয়ের স্নেহের বাঁধনে। তবুও তো বিশ্বায়নের আবর্তে তারা উপভোগ করে অদম্য কৌতূহলে বিচিত্র ভাব-চিত্র।

মনে পড়ে যায়, শুধু মনন-স্মরণে আসে ভীড় করা একের পর এক সুখ-দুঃখ স্মৃতি, কৈশোর বেলার কলেজের উচ্ছ্বসিত রঙ-বেরঙের দিনগুলির অবগাহনে চুপকথার দেশে হাঁটতে গিয়ে আর পেছন ফিরে যাবে না কোন অনন্ত লোকের যাত্রী, কামনা থাকবে অনুচ্চারিত, আবার যদি আসি ফিরে — এখানে, এখানে, এখানেই।

মানসী দে

আমার দিনযাপন

কাগজে, দূরদর্শনে অথবা মুঠোফোনে কিংবা বৈদ্যুতিন মাধ্যমে, হারিয়ে যাওয়া কলেজ জীবনের ঘটনা প্রবাহ মনের দুয়ারে ভিড় করে আসে। অতীতের ফসিল তো বর্তমানেরই গর্ভ থেকে উঠে আসা ভবিষ্যতের বীজমন্ত্র। তুলনামূলক কাহিনীর আস্বাদন তো এখান থেকেই জন্ম দেয়। অনেক বিখ্যাত সাহিত্য-রস আর মহাকাব্যিক সোনালী বর্ণচ্ছটায়, উদ্ভাসিত ঐতিহাসিক দলিলের, যতদিন সভ্যতার জয়ধ্বজা থাকবে, রূপ-রস-গন্ধ-বর্ণ আর স্পর্শময় পৃথিবীতে বিরাজ করবে মানুষের মূল্যায়ণ। কিশোরবেলা, যৌবনের মন-কেমন করা উদাসী দিনগুলির নিশানা, আর আগামী দিনের স্বপ্ন বুকে বয়ে নিয়ে চলা, প্রত্যাশিত লক্ষ্যের সোপানে পা দেওয়ার সুখস্বপ্ন, দৃঢ়তার সঙ্গে প্রোথিত হয়। এই কলেজের উর্মিমুখর প্রতিষ্ঠানের রোজনামচা থেকেই। সেখানেই সে হয় কল্পবৃক্ষের মত, মানুষ গড়ার কারিগরের মহান ভূমিকায়।

কিশোর বিশ্বাস

স্মৃতিবদ্ধ হত্যা

এতদীর্ঘশ্বাস নিয়ে কী বেঁচে থাকা যায়
সুনসান ঘরে চেতনা মাখা অন্ধকার
চারদিকে ছড়িয়ে ছিটিয়ে
বোমা-পিস্তল-রিভলবার
মেরুদন্ড হিম হয়ে আসে
একবার ভাবি এগোবনা পিছোব
না ট্রিগারটা টেনে দেব
সবকিছু চুরমার করে দেব
সারাঅঙ্গে মেখে নেব শোষকদের
হৃৎপিণ্ডের বদ রক্ত
সারা শরীরে কাঁপন লাগে-কাঁপন লাগে জিভে
শুধুমাত্র রাজনৈতিক হত্যা
নেই ক্ষুধা, নেই তৃষা নেই অতীত নেই ভবিষ্যৎ
চারিদিকে শুধু চেতনার হাহাকার
আমি চিৎকার করে উঠি
পারলে তোমরা নেতা ডেকে বেচে দাও আমার হৃৎপিণ্ড
তবুও !
শ্বাস নিয়ে বেঁচে আছি জনতার মাঝখানে
এই পৃথিবীর কিনারে কিনারে আমি ঘুরে বেড়াব
আদি অনন্তকাল ধরে
গোপন ব্যথাটি থাক আমার ঝুলিতে ...
তবে মনে রেখো - কোন এক বর্ষাকালে
আজ থেকে শতবর্ষ পরেও
আমার বিক্রিত হৃৎপিন্ডটা হঠাৎ পল্লবিত হতে থাকবে
শ্যাওলাধরা স্যাঁতস্যাঁতে মনের দেওয়ালে
অজস্র কচি কচি হাতে অঙ্কুরিত হতে থাকবে
অফুরন্ত রঙের তুলি
তখন ইচ্ছে হলেই আকাশটা লাল আর নতুন সকাল।।

স্বপন কুমার দত্ত

স্মরণীয় কিছু প্রাক্তনী

কৃষ্ণনগরের বিদ্যাচর্চার ক্ষেত্রে কৃষ্ণনগরের রাজ পরিবারের অবদান অনস্বীকার্য। মহারাজ শ্রীশচন্দ্রের পৃষ্ঠপোষকতায় ১৮৪৬ সালে কৃষ্ণনগর কলেজ প্রতিষ্ঠিত হয়। পরিচালন সমিতির শীর্ষে আছেন বর্তমান মহারাজা সৌমীশ চন্দ্র রায়।

১৮৪৬ সালের ১লা জানুয়ারী কৃষ্ণনগর কলেজ প্রতিষ্ঠা হলে প্রথম অধ্যক্ষ হন ক্যাপ্টেন ডি.এল. রিচার্ডসন। নবজাগরণের অন্যতম পথিকৃত রামতনু লাহিড়ী এবং পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার অধ্যাপক। এন্ট্রান্স পাশ করে তখন কলেজ ভর্তি হতে হতো। মাসিক বেতন ছিল ৫.০০ টাকা। একশো বিঘা জমির উপর কলেজ প্রতিষ্ঠিত। মূল কলেজ দালান তিন বিঘা জমিতে। ১৮৫৬ সালে ৬৬,৮৭৬.০০ টাকা ব্যায়ে দালান নির্মিত হয়। এর মধ্যে বেসরকারী দানের পরিমান ১৭,০০০.০০ টাকা। ১৯০৯ সালে কলেজের ছাত্র ছিল ১২৮ জন এবং ১ জন প্রিন্সিপ্যাল, ৫ জন প্রফেসার ও ৪ জন লেকচারার ছিলেন।

স্যার রোপার লেখব্রীজ লিখেছেন "In those days Krishnagar was the principal seat of learning and civilisation"।

কৃষ্ণনগর, নবদ্বীপ তথা নদীয়া বিদ্যাচর্চার জন্য বিখ্যাত হলেও সাক্ষরতার হার কম ছিল। ১৯৭২ সালের প্রথম জন গণনায় দেখা যায় শতকরা ২.৪ জন লেখাপড়া জানেন। ১৯৬১

সালের জনগণনায় সাক্ষরতায় পশ্চিমবঙ্গের মধ্যে গ্রামে নদীয়ার স্থান ৬ষ্ঠ এবং শহরে ৩য়। তখন কৃষ্ণনগরে মেয়েদের শিক্ষার উৎসাহ কম ছিল। স্বাধীনতার পর তা বেড়েছে।

নদীয়ার মহারাজা ক্ষৌণীশ চন্দ্র রায়ও কৃষ্ণনগর কলেজের পৃষ্ঠপোষক ছিলেন। ১৯২৭ সালের ১১ই জুলাই কৃষ্ণনগর কলেজের হিন্দু ছাত্রাবাসটি মহারাজা উদ্বোধন করেন। তাঁর প্রচেষ্টায় কৃষ্ণনগর কলেজের প্রাক্তন ছাত্র ব্যারিস্টার মনোমোহন ঘোষের সুন্দর বাড়ীটিতে ১২৯৭ সালে নভেম্বর মাসে কৃষ্ণনগর কলিজিয়েট স্কুল স্থানান্তরিত হয়। বহু বিশিষ্ট মানুষের পদধূলি ধন্য আমাদের এই প্রিয় কলেজ। এবার তাদের কয়েকজনের সম্বন্ধে আলোচনা করব।

হরিপদ চট্টোপাধ্যায় : নদীয়া জেলার এক বিখ্যাত পরিবারে ১৮৯৭ খ্রীঃ ১৩ই জানুয়ারী হরিপদ চট্টোপাধ্যায় জন্ম গ্রহণ করেন। পিতা- বসন্ত কুমার চট্টোপাধ্যায় কৃষ্ণনগর গভর্ণমেন্ট প্লীডার ছিলেন। তাঁর ভাগ্নে যতীন মুখার্জী (বাঘা যতীন) তাঁদের বাড়িতে থেকে কৃষ্ণনগর এ.ভি. স্কুলে পড়াশোনা করতেন। হরিপদ চট্টোপাধ্যায় ১৯১৬ সালে কৃষ্ণনগর কলেজ হতে আই. এস. সি এবং ঢাকা কলেজ হতে ১৯১৮ সালে বি.এ. পাশ করেন। মহাত্মা গান্ধীর নেতৃত্বে 'অভয় আশ্রম' প্রতিষ্ঠানে তিনি অন্যতম সহায়ক ছিলেন। দেশের কাজে আত্মনিয়োগ করে কয়েকবার কারাবরণ করেন। সুভাষচন্দ্র বসুর সঙ্গে তাঁর ঘনিষ্ঠতা ছিল। নদীয়া-মুর্শিদাবাদ জেলার সংযোগস্থলে জলঙ্গী নদীর ধারে সুন্দর শান্ত পরিবেশে 'সাহেবনগর কৃষি শিল্প প্রতিষ্ঠান' নামে একটি আশ্রম ও একটি গোপালন, কৃষিক্ষেত্র ৪০৪ বিঘা জমি নিয়ে শুরু করেন। ১৯৩৬ সালের ৫ই জানুয়ারী আচার্য প্রফুল্লচন্দ্র রায় এই প্রতিষ্ঠানটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

হেমন্ত কুমার সরকার : ১৮৯৫ সালে ৫ই মে কৃষ্ণনগরের এক সম্ভ্রান্ত বংশে তাঁর জন্ম। পিতার নাম মদন মোহন সরকার। মাতার নাম নিরোদবরনী দেবী। নদীয়ার রাজনীতি ক্ষেত্রে হেমন্ত কুমার একটি উজ্জ্বল রত্ন। তাঁদের আদি নিবাস ছিল শান্তিপুরের কাছে বাগ-আঁচড়া গ্রামে। তিনি বাল্যকাল থেকেই একজন কৃতী ছাত্র। ১৯১৭ সালে কৃষ্ণনগর কলেজ থেকে বি.এ. পাশ করেন এবং ঈশান স্কলারশিপ পান। কৃষ্ণনগর কলেজ পত্রিকার তিনিই প্রথম ছাত্র সম্পাদক। ১৯১৯ সালে তুলনামূলক ভাষাতত্ত্বে এম.এ. পরীক্ষার প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেন। মাত্র ২৪ বৎসর বয়সে তিনি এম. এল. সি. নির্বাচিত হন। নদীয়া জেলা কংগ্রেস কমিটির তিনিই প্রথম সভাপতি। দেশের কাজে তিনি কয়েকবার করোবরণ করেন। স্বরাজ দলের চিফ হুইপ হন। তিনি সুভাষচন্দ্রের একান্ত বন্ধু ছিলেন। সুযোগ পেলেই সুভাষচন্দ্র কৃষ্ণনগরে তাঁর কাছে আসতেন। শরৎচন্দ্র চট্টোপাধ্যায় তাঁকে খুব স্নেহ করতেন এবং তাঁর কাছে কৃষ্ণনগরে এসে থেকেছেনও।

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের তিনি ছিলেন একান্ত সচিব এবং দক্ষিণ হস্ত স্বরূপ।

সুভাষচন্দ্র বসু তাঁর সহযোগিতার কৃষ্ণনগরে বর্ত্তমান জেলা বিদ্যালয় পর্যৎ অফিসের পাশে একটি গৃহে স্থানীয় দরিদ্র মানুষের শিক্ষালাভের জন্য 'শ্রমজীবি নৈশ বিদ্যালয়' নামে একটি স্কুল প্রতিষ্ঠা করেন এবং নিজেই শিক্ষকতা করতেন। তাঁর ব্যবহৃত চেয়ারটি এবং একটি আয়না সংরক্ষিত আছে ঐ গৃহে। বাড়ীটির নাম 'নেতাজীভবন'। কৃষ্ণনগর পৌরসভা বাড়ীটি সংস্কার করে একটি কমিটির হাতে তুলে দিয়েছেন।

মুখ্য উপদেষ্টা প্রক্তেন চেয়ারম্যান শ্রী অসীম সাহা। সভাপতি শ্রী স্বপন কুমার দত্ত সম্পাদক মহঃ সাজাহন আলি ও কোষাধ্যক্ষ শ্রী কিশোর বিশ্বাস।

দেশ স্বাধীন হবার পর হেমন্ত কুমার পশ্চিম বঙ্গ পঁয়ত্রিশ' নামে একটি দৈনিক পত্রিকা প্রকাশ তবে সংবাদপত্র জগতে এক আলোড়ন সৃষ্টি করেন। তিনি ২১ খানি গ্রন্থের প্রণেতা বিদ্রু পাত্মক রচনায় তাঁর নাম ও খ্যাতি ছিল। 'সুভাষের সঙ্গে' বারো বছর নামে বইখানি হতে তাঁর সঙ্গে সুভাষের হৃদ্যতা ও বন্ধুত্বের কথা জানা যায়। কাজী নজরুল ইসলাম ও তাঁর বাড়ীতে এসেছেন, থেকেছেন।

সদা হাস্যময়, সুরসিক, কৃষ্ণনাগরিক, নদীয়ার সুসন্তান হেমন্দ্র সরকার ২৯শে নভেম্বর ১৯৫২ সালে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে মারা যান।

স্থানভাবে কলেজের সমস্ত কৃতী প্রাক্তনীদের সম্বন্ধে লেখা সম্ভব নয়। তবে একজনের নাম স্মরণ না করলে রচনাটি অসম্পূর্ণ রয়ে যাবে। তিনি হলেন সমগ্র ভারতের গৌরব দ্বিজেন্দ্রলাল রায়।।

১২৭০ সালের ৪ঠা শ্রাবন (১৯শে জুলাই) কৃষ্ণনগরের বিখ্যাত দেওয়ান পরিবারে জন্ম। পিতা দেওয়ান কার্তিকেয় চন্দ্র রায়, মাতা প্রসাদময়ী দেবী। কৃষ্ণনগর কলিজিয়েট স্কুল থেকে ১৮৭৮ সালে। এন্ট্রান্স পাশ করেন। ১৮৮০ সালে কৃষ্ণনগর কলেজ থেকে এফ. এ. পাশ, ১৮৮৩ সালে হুগলী মহসীন কলেজ থেকে বি.এ. পাশ এবং ১৮৮৪ সালে কলকাতা প্রেসিডেন্সী কলেজ থেকে এম. এ. পাশ করেন।

কৃষি বিজ্ঞানী হিসাবে লন্ডন থেকে ডিগ্রী পেলেও বস্তুতঃ তিনি ছিলেন নাট্যকার, হাসির গান ও স্বদেশী গান রচয়িতা তাঁর পুত্র দিলীপ রায় বিখ্যাত সঙ্গীত শিল্পী। তিনি কৃষ্ণনগর কলেজে এসে সঙ্গীত পরিবেশন করে গেছেন।

দ্বিজেন্দ্রলালের বহু হাসির গান আছে। ইংরাজী, বাংলা মিশিয়ে তাঁর একটি গানের নমুনা দিলাম —

তারেই বলে প্রেম ওগো, তারেই বলে প্রেম।
যখন থাকেনা Future এর চিন্তা,

থাকে না কো shame।।
রাস্তায় সর্প কিংবা ব্যাঙ।
if he does not care a dam,
চোখের নেশায় লাগলে ভালো,
হোক না কাফ্রী কিংবা ম্যাম
তারেই বলে প্রেম .....

১৯০০ সালে তাঁর 'হাসির গান' গ্রন্থ প্রকশিত হয়। তাঁর প্রথম ইংরাজী কাব্য গ্রন্থ Lyrics of India ১৮৮৫ সালে প্রকাশিত হয়।

কৃষ্ণনগর কলেজ থেকে বহু জ্ঞানী, গুণী, বিশিষ্ট ব্যক্তি বেরিয়েছেন। তাঁদের সকলের কথা অল্প পরিসরে উল্লেখ করা সম্ভব নয়।

কলেজের বর্ত্তমান ছাত্রদের কাছে আশা, তারা আমাদের যশস্বী প্রাক্তনীদের পদাঙ্ক অনুসরণ করে এই প্রতিষ্ঠানকে গৌরবান্বিত করবে।।

ভারতী দাস

অবনীমোহন চলে গেলেন

অবনীমোহন জোয়ারদার ছিল আমার সহপাঠী এবং বন্ধু। কৃষ্ণনগর গভঃ কলেজে সে ছিল বাংলা অনার্সের ছাত্র। ১৯৬১ থেকে ১৯৬৩। নদীয়া জেলার বেতাই গ্রামে ছিল তার পৈত্রিক বাসভবন। কৃষ্ণনগর কলেজ হস্টেলে সে থাকত। গ্রামের ছেলে — ধুতি, হাফ সার্ট পরে কলেজে আসত। তার সহজ, সরল, বন্ধুত্বপূর্ণ আচরণ সবারই মন কেড়ে নিত। টেস্ট পরীক্ষা দেওয়ার পর পর একবার আমি ও আমার সহপাঠীরা অনেকেই কলেজের সামনের মাঠে বসে গল্পগুজব করছিলাম। গল্পগাছার মূল বিষয় ছিল ভবিষ্যতে কে কী করবে। যখন অবনীর বলার সময় এল সে কেঁদে ফেলল। বলল — 'আমার জীবনে কিছুই হবে না!' সবাই জিজ্ঞাসা করল, 'কেন, কেন?। ও উত্তর দিয়েছিল — 'তোমরা জান না, কলেজে পড়তে পড়তেই বাবা মা আমার বিয়ে দিয়ে দিয়েছে।" আমাকে এখনই সংসারের ভার নিতে হবে।' শুনে আমরা অনেকেই দুঃখ প্রকাশ করেছিলাম। অনেকে শুনে হেসেছিল। আবার কেউ কেউ বলল — এখবর তাদের জানা। যাহোক বি.এ. পাশ করার পর আমরা যার যার নির্দিষ্ট পথে এগিয়ে গেলাম। অবনীর সঙ্গে যোগাযোগ ছিল না। শুনেছিলাম ও মুড়াগাছা স্কুলে বাংলার শিক্ষক হিসাবে যোগ দিয়েছে। তারপর বেশ কিছুদিন কেটে গেছে। আমি তখন এম.এ পাশ করে কলকাতার একটি মেয়েদের স্কুলে শিক্ষকতা করছি। একদিন মেডিকেল কলেজের সামনে হরলালকা বাস স্টপেজে একজন সুটেড বুটেড স্মার্ট ভদ্রলোককে দেখে খুব চেনা চেনা লাগল। ভালো করে তাকিয়ে দেখি অবনী। কে, অবনী না? জিজ্ঞেস করায় একলহমায় ও আমাকে চিনতে পেরে — আমার খবর জিজ্ঞাসা করল ও বলল ও ব্যারাকপুর পুলিস ট্রেনিং কলেজে আই.পি.এস ট্রেনিং নিচ্ছে। গ্রামের সেই হাফসার্ট পরা অবনীর সঙ্গে এই অবনীকে মেলাতে পারিনি। কিন্তু এখনও কত সহজ, সরল, নিরহংকার। এরপর খবরের কাগজে ওর খবর পেতে লাগলাম। খুব বড় পুলিশ অফিসার হয়েছে। একের পর এক জেলার এস.পি পদ অলংকৃত করে চলেছে। শেষে ব্যারাকপুর পুলিশ ট্রেনিং কলেজের অধ্যক্ষ হয়ে কর্মজীবন শেষ করেছে। ইতিমধ্যে ওর সঙ্গে দু'একবার দেখা করতে গেছি। একবার লালবাজারে। একটা ঘটনা আমার পরের বোন বানী মঞ্জুরী একবার একটা চিঠি পায় — 'তোমার ছেলে দুটিকে সাবধানে রেখো! ওরা আর কোনদিন বাড়ী নাও ফিরতে পারে।' এই কিডন্যাপিং এর চিঠি পেয়ে বোন আমার শরণাপন্ন হয়ে বলে, 'অবনীদাকে বিষয়টা জানা।' ওকে নিয়ে আমি অবনীর সাথে দেখা করি। অবনী পরের দিনই কিছু পুলিস সঙ্গে করে ওর বাড়ী আসে এবং পাড়ায় টহল দিয়ে ঘোরে। এরপর আর কোন বিপদ ঘটেনি। বিপদ হলে অবনী জানাতে বলেছিল। বর্তমানে বোনের বড় ছেলেটি

বেলজিয়ামে আছে — স্পেশ সাইন্টিস্ট।

আর একবার আমাদের এক বন্ধু অনুভা মিত্র কলকাতায় রঙ্ ডিরেকশানে গাড়ী ড্রাইভ করছিল — ট্রাফিক পুলিশ ওকে ধরে এবং নানাভাবে হেনস্থা করতে থাকে। ও সঙ্গে সঙ্গে অবনীকে ফোন করে জানায়। প্রায় সঙ্গে সঙ্গে অবনী এসে ওকে উদ্ধার করে। এমনই সহৃদয় ও বন্ধুবৎসল ছিল অবনী। ওর সল্টলেক বাড়ীর যে কোন অনুষ্ঠানে আমাদের অনেককেই নিমন্ত্রণ করত। আমার যদিও একবারও যাবার সুযোগ হয়নি।

কৃষ্ণনগর কলেজ এলামনি এসোসিয়েশনের ও মেম্বার ছিল। আমাদের ঐকান্তিক ইচ্ছা ছিল কলেজ প্রাঙ্গণে দ্বিজেন্দ্রলাল রায়ের মূর্তি প্রতিষ্ঠা করবার। কিন্তু আমাদের এসোসিয়েশনের আর্থিক সম্পত্তি ছিল না। তখন ধরা হল অবনীকে। ওর কাছ থেকে যদি অর্থ সাহায্য পাওয়া যায়। অবনী মূর্তি প্রতিষ্ঠার জন্য সমস্ত অর্থই বরাদ্দ করেছিল। ওর কৃষ্ণনগরের বাড়ীতে যখনই যেতাম ওর স্ত্রী অঞ্জলি কিছু না খাইয়ে ছাড়ত না।

ও চাকরির মেয়াদ শেষ করে রাজনীতিতে যোগ দেয় মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুরোধে। প্রথমবার বিধায়ক হয়েছিল। পরে কারা মন্ত্রী। এর মধ্যে সেরিব্রাল অ্যাটাক হওয়ায় অসুস্থ হয়ে পড়ে। চলৎশক্তি আগেকার মত আর ছিল না। তাই কারামন্ত্রীর দায়িত্ব থেকে সরিয়ে দপ্তরহীন মন্ত্রী করে দেওয়া হয়। ঐ অবস্থায় থেকেও ওর ছেলে তাপসের মাধ্যমে ওর কাজগুলি ও চালিয়ে গেছে। অবশেষে দীর্ঘ ভোগান্তির পর ওর জীবনাবসান হল ১২ই জুন, ২০২০ সালের ভোর বেলায়। আর যে কদিন বেঁচে আছি ওর শূন্যতা বড়ই বাড়বে। ওর আত্মার চিরশান্তি কামনা করি ও ওর পরিবারের জন্য শুভকামনা জানাই।

Prof. B.N. Ghosh

My years with Prof. B. N. Ghosh at Krishnagar Govt. College and beyond: a personality that changed my life

Gokul C Das
Houston, Texas, USA

It has been about 47 years, still the last day of Prof. B. N. Ghosh (Brojendra Nath Ghosh, BNG or Sir) is fresh in my mind; his unresponsive body after a cerebral attack in a taxi near his home (Hedua Park) was brought to Kolkata Medical College Hospital and covered in a white bed sheet just on the floor. He already expired when I arrived there. What an end for a respectable gentleman and a scholar? I was contacted at about 2 AM in the midnight when my address was found on a postcard in his punjabi pocket. I was the only one there to take charge for his body at that moment, to break the news to his family and arrange for a cremation. First person I contacted was late Prof D. P. Pal, another ex-professor of our department living close to Medical College. He came to the hospital in the

morning and sent his son Arun to help me in the cremation. BNG occupied a special place in my heart. A package of human qualities in a single person was rare in my life. He had a golden heart, child-like pure mind, a deep feeling for the well fare of his students, strong spiritual awareness even being a physicist. He had also a keen sense of humor and lived a life without enemy. His amiable and cordial personality captured the mind of many students of our time. Beyond the boundary of student-teacher relationship, I came close to his personal and family life till his death for more than a decade before I left for Paris, France. Post retirement while looking back, I recapitulate how a single moment planted the seed in me for an ambition of coming abroad for higher education and research that virtually changed my whole life. One evening while I was in his office, he found a picture postcard in the mail sent by one of his former students, one Prankrishna, with a picture of Lake Ontario in Canada. While reading the message, he mentioned, I feel immensely happy today. Prankrishna came from a poor family and was one of my favorite students. After graduating in Radio Physics from Calcutta University, he left for higher studies in Canada. Hardly he completed his sentence, there was a spark in my mind : Then, I must do it. That is the moment where I started my real journey for life. Never looked back and landed in Paris on April 26,1976 just less than 12 years of my meeting him. It was a long but uncompromising struggle with just one and only one goal**.** It is the association that can turn one's life upward or downward just in a single moment**.** For example, we would not get Swami Vivekananda who introduced the philosophy of Vedanta and Yoga to the western world bringing Hinduism to the status of a major world religion, and established Ramkrishna mission for the service of the poor, unless Narendra Nath was directly associated to Thakur Shree Ramakrishna although only for five years, and his continued focused effort for another 7 years till his death.

The very first day of meeting BNG has been in the deep-freeze of my mind. After Higher Secondary in 1964, I applied for Physics Honors both in Belur Vidya Mandir (BVM) and Krishnagar Govt College (KGC). I was first selected at BVM. But I decided to study in KGC for its reputation, expenses, and distance from my home at Dainhat, Burdwan. Unexpectedly, I was selected for Chemistry honors in the first list which was my second preference, probably being it the highest score in my marksheet. For a correction, I met Prof. B.N. Ghosh (BNG), Head of the department of physics, very first time in his office at the end of the main building. On the ground that I have already been selected for Chemistry, he first denied me Physics

honors. I came back with a disappointment and was in the queue for admission in chemistry with a hesitation as I will have to live with this subject whole life. To my surprise, God listened to my mind, and in five minutes BNG came to get me and asked to come with him in his office. I followed him guessing that something good might happen to me; he accepted me in Physics honors with a smile. I happily got admitted, was assigned roll number 2 in the science class. This made me marked absent many times in the roll call for being late, even by a minute in spite of my running from the dining room of the hostel while others were walking comfortably. That is the beginning of my association with BNG. It would be probably a big mistake to study chemistry without much love for the subject; however, my research career abroad in the emerging field of molecular biology and medicine needed more chemistry, and less physics to understand the chemical basis of life. But as a physicist turned molecular biologist, I had a true satisfaction as both subjects were equally intellectual, one to know how the universe works and the other how heredity is passed from one generation to the next. Money is not always a measure of success ; satisfaction is another face of the same coin that cannot be ignored. After my MSc (Physics) from Kolkata University with a first class (one among a very few in our time in a class of 75) and being the first in Biophysics group, BNG offered me an opportunity to join KGC as a lecturer in Physics Department. I took the special paper in Biophysics in M .Sc class only to get into research in areas of molecular biology which was flourishing. This aspiration arose in my mind after attending the lecture by the Indian Nobel laurate Har Govind Khorana in Saha Institute of Nuclear Physics, Kolkata on newly discovered genetic code as the basis of heredity. Later in life, I had a great satisfaction of meeting about a dozen of Nobel laurates including the founders of molecular biology, such as, James Watson, Francis Crick and Francois Jacob coming from a mufassil college. Serving my own college made me also tempted. But when Sir (BNG) came to know I have also an offer to join the laboratory of Prof. N. N. Das Gupta, Ph.D. (London) FNA, Head of the department of Physics, Kolkata University as a Ph.D. student, he immediately encouraged me for the latter. Surprisingly, I came to Krishnagar twice from Kolkata in the same day, returning back from Madanpur. Again, had I been advised differently for his own interest, I would have an entirely different life today! It is quite common to be at the crossroad in every life; if you take a left turn, or right turn or go straight, things would be so different at the end of journey.

I was in the undergraduate class from 1964-1967. In such a small span, a strong bondage with BNG was developed for several reasons. We were the second batch of newly opened Physics Honors course that was the outcome of BNG's dream and untiring effort (with the help of other faculty members) including the sanctioning of the separate new building built after his death. The practical laboratory was not well developed at that point. That was the main draw back. Every weekend Sir was going to Kolkata and bringing some small equipment and accessories from Adair Dutt for testing, again returning it next weekend if not satisfied. Together with students of first batch we were in the laboratory till late evening, especially those living in the hostel or nearby; we were working over the weekends, and even during summer vacation when the kitchen in the hostel remained close, to evaluate the instruments. Secondly, as I was living in the hostel, was always at his disposal; we were in his office sometimes late at night to prepare his lecture notes, or discussing some physics chapters, or discussing experiments. Many times, we were about to leave for a movie at Chitra Mandir or Chhayabani or for a social function at Rabindra Bhavan in the evening, suddenly Mahendra da or Deben da would appear like a jamdut (messenger of Jamraj) with a message, " Sir wants you to see him in the evening." Fun disappeared instantaneously. BNG was an unmarried person and living alone, away from home his family in Kolkata. Tapan Sengupta (retired from Ranaghat College) and me from my batch, and Pranab Ghosh and late David Rozario among our seniors were especially spending much time by turn in the evening in his office. Our dinner in most days were kept in our room after the dining hours. That is not the end. Again, BNG came with us in the hostel and spend another hour siting in one of our rooms reading newspapers till 11 PM. For convenience, he made sure that the only double-bed room available is allotted to physics honors students; Tapan and I occupied it in third year. There were many problems, in-fighting between groups in the hostel from time to time and he made many constructive suggestions with humor to dissipate the tension. He always emphasized that you need a different mind-set to study the subject of Newton and Einstein. At those age when boys are interested in many other extracurricular activities, our life was college-bound by his demand.

Sir showed a keen interest in linking science with humor and spirituality. He used to teach a part of general physics and geometrical optics in the first two years and physical optics and relativity in the third year in my recollection. His class was at the last period; it was not a regular class of forty-five minutes but spanned some-

times more than two hours with a tea break as a special treatment. He kept the keys for the ladies' common room with him after the office hours and asked openly the girls in a fatherly manner to request for the keys when they need it. They naturally felt very shy in front of the boys. Every five minutes he mentioned a humorous jokes linking science with common day experience and extending beyond. In many cases, his hero was the overly qualified son- in- law of a zamindar family who repeatedly failed in BA examination but always fond of writing letters to his father-in-law in English to impress him, such as, I have" thisis (phthisis) on my thai (thigh). Nalini doctor of our village has done the cooperation (operation)." I still remember his statement about Newton's laws of motion," the first law gives us the definition of force, second law how to measure it and third law the picture of force." I have never heard any teacher to say the " picture of the force" rather we were accustomed by saying," to every action, there is an equal and opposite reaction;" in daily life, as ' tit for tat", or the reaction of a husband depends on the delivery of a wife or vice versa. While teaching special theory of relativity, he made an interesting joke. Many of you know that in Einstein's special theory of relativity, time(t) is an additional fourth coordinate to describe an event in the universe besides those needed to describe in three dimensions (X,Y,Z). In a court case, the judge asked the lawyer, if all gates and doors were locked, how did the thief escape? The lawyer was at a loss, and he had a vague idea about the newly described theory of relativity. He replied, "Sir, probably the thief escaped through the fourth dimension of Einstein.

Many of his past students, especially those from Presidency College were DM or SDO posted at Krishnagar. They were very fond of their teacher and used to visit him in the college office in the evening. One interesting incident was a visit by a newly transferred SDO with his wife after their wedding. It was late in the evening; he managed to bring some tea from the hostel, but no cup and dishes were available as the cabinet was locked. Sir was serving tea to the couple in cleaned 100 ml beaker available in his office and made a joke by saying," you can see easily there is not enough money in the department". SDO was the chair of the College governing body. They were smiling, but both Tapan and me felt very embarrassed.

His sympathy and feeling for students and the family was unparallel. The students at our class were mostly from middle or lower middle-class family and passed in the first division to qualify for new government initiative for loan scholarship. But many of us missed the deadline as no announcement was made in the college. After

one year, Sir brought the application form from Writers' building for us that we filled out. He took it personally with him after college endorsement and made a case because we failed to apply in time. We got two years scholarship together at the same time. This was a great relief for our family!

We did have many hardships for practical classes and was nervous for the practical examination set in Kolkata colleges with unknown apparatus and environment. This was a drawback of studying Physics Honors outside Kolkata. In part I examination, when there was an uncertainty whether the train will run during a bondh (strike), he made a backup arrangement with the help of District Magistrate's office against principal's wish so that his students can reach to the examination hall in Scottish Church college, Kolkata safely in time. My Part II honors practical was set at Presidency College and Sir arranged for my accommodation near the college with Pranab Ghosh and asked him to take a particular care for me. Also, there was a big problem in Krishnagar and in rest of Bengal in 1966-67, as no rice was available in the market. He was virtually in tears thinking of many poor students and office bearers associated with him to support a big family with small income. He managed through DM or SDO office (his student) to get rice for him and sent to many of them. He also supported financially to one or more of his very bright students to my knowledge who were attacked by a life-threatening disease who later became his colleague at KGC.

Sir himself was a student of CV Raman, Meghnad Saha and Satyendranath Bose, and started research after M.Sc. but left it unfinished to search for God in Himalayas at the call for his intense spiritual awareness. He regretted about it many times as some of his classmates developed a research career in universities. Spirituality influenced his life very much. His appearance and especially the eyes were exactly the mirror of his inner self. Physicist Albert Einstein believed in God in a unique way; harmony in nature to him is simply a manifestation of the existence of God. BNG's spiritual awareness had other dimension of believing Lord Krishna as the supreme authority. Sir used to read Gita every evening before leaving his office and explained to us in between discussion on physics. He taught us that Gita teaches everything that one needs in life and selected just five slokas (chapter 2, sloka 11; chapter18, sloka 58,64,65,66) out of seven hundred for us not only to read but also to practice. He repeated it many times the significance of sloka 65 of chapter 18 to emphasize that in no religion (to his knowledge) except in Gita, God is pledging

" মামেবৈষ্যসি সত্যং তে প্রতিজানে প্রিয়োহসি মে " to those who will think of Him, devote to Him or worship Him so that they attain their supreme goal of attaining Him - ''মন্মনা ভব মদ্ভক্তো মদ্ যাজী মাং নমস্কুরু"। This was said earlier in Chapter 9, sloka 34" and is repeated in chapter 18 to underscore it. Many of us who were close to him practiced reading Gita once every day. He delivered in the evening before the examination an envelope with student's name on it containing flowers that were offered to Lord Kirshna the night before to carry it in the examination hall in the pocket as a gesture how much he cares to protect his students. Although science and religion, whether God created the universe or it was created by laws of science, has been an unsettled issue all along, we blindly followed it as we do to our parents. Certainly, reading and practicing Gita helped me to control mind and focus on5 my goal. BNG was at heart a disciple of Sri Aurobindo and mentioned how revolutionist Aurobindo was transformed into Rishi Aurobindo. I found Sir to organize a small gathering to pay homage to him on August 15, the day college remained closed.

Honors books were expensive and were mostly written by foreign authors in those days. Whoever asked for it, he would give them his own copy or took a loan from the library. Unfortunately, many of them did not return those books before leaving college. This created an excessively big problem in his retirement. He was served a lengthy list of books issued in his name to return before drawing the provident fund. We were buying many of them from old book shops on the footpath at college street, in front of Presidency College, in Kolkata.

Tapan and me were given the responsibility of sending balloons for weather forecast from the roof of the main building every morning with a stamp of the physics department, KGC. We followed the course of the balloon- as far as we can see it -with a curiosity like Apu and Durga watching the train for the first time in Pather Panchali movie, but with a dream for our unknown future. We do not know what happened to these balloons after a while and its impact on weather forecast in Nadia district or in whole of West Bengal. Also, we used to watch lunar eclipse with Sir from college compound at midnight with magnifying lens from the department. What a joy as a teenager! He was acting like friends.

In the third year, once he was sick for a few days; when we came to know about it, he needed an immediate transfer to Shakti Nagar Hospital for surgery. We, the

faculty, students, and staff of the physics department (about 20-30), gathered in the small lawn in front of his rental apartment at 4PM. He was an unmarried person and living alone there like a monk. His main family was at 6B, Sahitya Parishad Street, Kolkata. He asked only for me to go inside to dress up him for the hospital. This made me feel very satisfied for an opportunity to serve him in this critical time. During surgery, Jyoti babu (JPS, our late professor), Biren,Tapan and myself were in the hospital till mid night. Onwards, while in the hospital bed he asked me every day to buy some special orange from Patra market and an earthen pot (kujo) for water in his cabin. Surprisingly, he developed a friendship with the physicians, nurses, and staff there whom he knew only for a day or two because of his keen sense of humors without ego. He already earned their respect too. One night, I was asked to kill all the mosquitoes under the curtain, but I was not able to kill all but some. On hearing the noise again from the survived ones, he was asking," how many mosquitoes were in the curtain, Gokul." I replied, Sir they are about 6 to 7. He immediately replied how do you expect a first class in Physics honors? Say exact number, either 6 or 7. To prove him wrong this time, I got a first class in all exams after this incident. I still remember how difficult it was to count accurately the mosquitoes changing path quickly without obeying Newton's laws of motion. During BNG's hospital stay, I became incredibly famous in the college and hostel. Every night, after I came back from the hospital Principal Chandrika Prasad Banerjee and Hostel Superintendent Hembabu were asking for an update of his health; same thing for many college professors, staff, and students those who loved and cared for him. So long, his family members, the two sisters and an old mother, were not informed at his request. When informed they came immediately and took him to Kolkata from the hospital. I became more closer to him and his family that lasted for another 7-8 years after leaving KGC till his death. When he used to be in Kolkata, I would receive a post card ahead asking to see him on Saturday or Sunday. At the last days of his mother, I spent 36 hours in his residence taking care of her in his absence . He never met my parents but sent a telegram money order at my father's sraddha ceremony; he often mentioned, I like to meet your father to make him aware that you are so restless that, "tumi biyer piri theke uthe aste paro" (a possibility of making a U-turn from wedding ceremony leaving the bride there!).

Sir's residence in Kolkata was close to that of his teacher Prof. Satyendra N. Bose, National Professor of Physics, and the founding father of Bose-Einstein statistics

(the name Boson is coined to half of the world's elementary particles after his name and for Bose-Einstein condensate, which won the Nobel Prize when proved after his death). From his stairs to the second floor, one could clearly see Prof Bose was doing some calculation with a slate and pencil and a pet(cat) was in his laps. I was fortunate to meet Prof Bose and touched his feet on the celebration of his 80 th birthday in Bose Institute when I was doing my research in Science College next door. The day he passed away, I accompanied Sir in the morning to put a wrath on his master's body. I did not come back with him but joined the funeral procession with our professors of Physics department, some of them were his direct students.

